

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) এর গোপনীয় শাখা
www.khulna.gov.bd

ঐতিহাসিক ৭ই মার্চ দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে গঠিত শিশুদের ঐতিহাসিক ভাষণ প্রতিযোগিতা আয়োজন উপকমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মীর আলিফ রেজা, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা
স্থান : অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা এর অফিস কক্ষ
তারিখ ও সময় : ০৪/০৩/২০২৪ খ্রি:
বিকাল : ৩:৩০ মিনিট
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সভাপতি স্বাধীন বাংলাদেশের স্বপ্ন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। একই সাথে ১৯৭৫ সালের ১৫ আগস্ট শাহাদাৎ বরণকারী বঙ্গবন্ধু এর পরিবারবর্গ এবং মহান মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। সভাপতি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১৯৭১ সালের ৭ মার্চের ভাষণে উজ্জীবিত হয়ে বাঙালি জাতি মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়ে এবং স্বাধীনতা ছিনিয়ে আনে। ২০১৭ সালের ৩০ অক্টোবর ইউনেস্কো (UNESCO) ঐতিহাসিক এ ভাষণকে বৈশ্বিক দলিল (Memory of the World Register-এ অন্তর্ভুক্তিকরণ) হিসেবে স্বীকৃতি দেয়ায় আন্তর্জাতিক পরিমন্ডলেও এ ভাষণের তাৎপর্য ও গুরুত্ব অনেক বৃদ্ধি পেয়েছে। অতঃপর ঐতিহাসিক ৭ই মার্চ দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। উক্ত কার্যবিবরণীর আলোকে শিশুদের ঐতিহাসিক ভাষণ প্রতিযোগিতা সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করার নিমিত্ত বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

তারিখ ও বার	সময়	বিষয়	বিভাগ ও শ্রেণি	বিচারক (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)	স্থান
০৬/০৪/২০২৪ খ্রি. বুধবার	বিকাল ৪:০০ টা	শিশুদের ঐতিহাসিক ভাষণ প্রতিযোগিতা	ক গ্রুপ	১। জনাব বুবায়েত আহমেদ, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা	বাংলাদেশ শিশু একাডেমি, খুলনা
			খ গ্রুপ	২। অধ্যাপক মোঃ আলমগীর কবির, সাবেক কমান্ডার, খুলনা মহানগর ইউনিট কমান্ড	
			গ গ্রুপ	৩। জনাব অরবিন্দ মুখা, পরিচালক (প্রশিক্ষণ), ক্ষুদে বঙ্গবন্ধু সংসদ, কেন্দ্রীয় পরিচালনা পর্যদ, খুলনা	

- ১। বিচারকের রায় চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ২। প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠান গুণভিত্তিক নিজস্ব প্রতিযোগিতার আয়োজন করবে। উক্ত প্রতিযোগিতায় প্রতিটি গুপ হতে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের নামের তালিকা আগামী ০৫/০৩/২০২৪ খ্রি. তারিখ বিকাল ৪:০০ টার মধ্যে বাংলাদেশ শিশু একাডেমি, খুলনা বরাবর প্রেরণ করবে।
- ৩। সকল প্রতিযোগীকে আগামী ০৬/০৩/২০২৪ খ্রি. তারিখ রোজ বুধবার বিকাল ৩:৩০ মিনিটের মধ্যে বাংলাদেশ শিশু একাডেমি, খুলনায় উপস্থিত থাকতে হবে।
- ৪। বিজয়ীদের পুরস্কৃত করা হবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৪/০৩/২০২৪
মীর আলিফ রেজা
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
খুলনা
ও
আহবায়ক
শিশুদের ঐতিহাসিক ভাষণ প্রতিযোগিতা উপকমিটি